



শনিবার নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে যাচ্ছেন তারেক রহমান



ছবি: সংগৃহীত

বিএনপি চেয়ারম্যান তারেক রহমান শনিবার (২৮ মার্চ) রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে যাবেন। শুক্রবার (২৭ মার্চ) বিএনপির মিডিয়া সেল থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

দলীয় সূত্রে জানা গেছে, তার আগমনকে কেন্দ্র করে কার্যালয় এলাকায় ইতোমধ্যে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী প্রস্তুতি কার্যক্রম তদারকি করেছেন।

এর আগে দীর্ঘ সময় পর গত ২৯ ডিসেম্বর তিনি দলের কেন্দ্রীয় কার্যালয়ে যান। সেদিন নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি ও স্বাগত জানাতে ভিড় লক্ষ্য করা যায়।

LENS ASIA